



অন্যান্য উইন্ডোজ অপারেটিং সিস্টেমের মতোই উইন্ডোজ ১০-এ নেটওয়ার্ক কনফিগার করা সহজ। আপনাকে শুধু কয়েকটি ধাপ ভালোমতো অনুসরণ করতে হবে। আপনার কমপিউটারে উইন্ডোজ ১০ নেটওয়ার্ক সেটিং কনফিগার করার ধাপগুলো এখানে দেখানো হলো।

• স্বয়ংক্রিয়ভাবে একটি ইন্টারনেট প্রটোকল (আইপি) ঠিকানা প্রাপ্ত (IPv4 ও IPv6 উভয়ের) হওয়া।

• ডোমেইন নাম সিস্টেম (ডিএনএস) সার্ভার ঠিকানা স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত।

• ডায়নামিক হোস্ট কনফিগারেশন প্রোটোকলের (DHCP) আইপি ঠিকানা যাচাই করা।

• সব উইন্ডোজ ইন্টারনেট নেম সার্ভিস (WINS) অ্যাড্রেস পরিষ্কার করা।

• নেটওয়ার্ক বেসিক ইনপুট/আউটপুট সিস্টেম (NetBIOS) অপশন ডিফল্ট হিসেবে সেট করা।

সেটিংস কনফিগার প্রক্রিয়া

আপনার কমপিউটারে উইন্ডোজ ১০ নেটওয়ার্ক সেটিং কনফিগার করতে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করুন।

০১. প্রথমে Start বাটনে রাইট ক্লিক করুন।

০২. এরপর Network Connections অপশনটি নির্বাচন করুন।



নেটওয়ার্ক কানেকশন অপশন সিলেক্ট করতে হবে

০৩. এবার যে নেটওয়ার্ক সংযোগটি ব্যবহার করছেন তার ওপর ডাবল ক্লিক করুন এবং পপআপ মেনু থেকে Properties অপশন সিলেক্ট করুন। এ ক্ষেত্রে আপনাকে কমপিউটারে অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে লগইন করতে হবে।

০৪. এ পর্যায়ে Networking ট্যাবে ক্লিক করে Internet Protocol Version 8 (TCP/IPv4) কানেকশন আইটেম সিলেক্ট করুন।



নির্বাচিত আইপি অ্যাড্রেস এখানে এন্ট্রি দেয়া হবে

০৫. এবার Properties বাটনে ক্লিক করে আপনাকে Obtain an IP address automatically রেডিও বাটনে ক্লিক করতে হবে। একই উইন্ডোতে এবার আপনাকে Obtain DNS server address automatically রেডিও বাটনে ক্লিক করতে হবে। একই উইন্ডোর নিচে ডান দিকে অবস্থিত Advanced বাটনে ক্লিক করুন।

এখন Use the following IP address

উইন্ডোজ ১০ নেটওয়ার্ক সেটিংস কনফিগারেশন

কে এম আলী রেজা

রেডিও বাটন সিলেক্ট করুন এবং নেটওয়ার্ক সেটআপের সাথে সম্পর্কিত সঠিক IP ঠিকানা, সাবনেট মাস্ক এবং ডিফল্ট গেটওয়ে এন্ট্রি দিন। এরপর আপনার পছন্দের এবং বিকল্প DNS সার্ভার ঠিকানা নির্দিষ্ট জায়গায় লিখুন। এখানে একটি হোম নেটওয়ার্ক সেটআপ করা হয়েছে এবং এজন্য একটি সহজ ক্লাস সি নেটওয়ার্ক কনফিগারেশন ব্যবহার করা হয়েছে। এবার Validate settings upon exit চেক করে দিন, যাতে করে অ্যাড্রেস এন্ট্রিতে কোনো সমস্যা হলে উইন্ডোজ তা শনাক্ত করতে পারে। এন্ট্রি শেষ হলে Ok বাটনে ক্লিক করুন।

এবার Local Area Connections Properties উইন্ডো বন্ধ করে দিন।

উইন্ডোজ নেটওয়ার্ক ডায়ালগবক্স রান করবে এবং নিশ্চিত হবে সংযোগটি ঠিকমতো কাজ করছে। যদি আপনার নেটওয়ার্ক সংযোগ কোনো সমস্যার সম্মুখীন হয়, তাহলে নেটওয়ার্ক ট্রাউবলশুটিং উইজার্ড চালাতে হবে।

এখন আপনি কমান্ড প্রম্পট খুলুন এবং নেটওয়ার্ক অ্যাডাপ্টারের সেটিংস সফলভাবে পরিবর্তন করা হয়েছে, তা দেখতে একটি ipconfig রান করতে পারেন।

০৬. এখন IP Settings ট্যাবে ক্লিক করে নিশ্চিত হোন যাতে IP address-এ DHCP অপশনটি সক্রিয় অবস্থায় থাকে।

০৭. এবার DNS ট্যাবে ক্লিক করে সব ডিএনএস সার্ভারের ঠিকানা এবং সেগুলোর গ্রাফিক্স দেখে নিতে পারেন। এখানে ডিএনএস সার্ভার অ্যাড্রেস ফিল্ড ফাঁকা রাখতে হবে। এতে পূর্ব থেকে কোনো অ্যাড্রেস থাকলে তা অপসারণ



আইপি অ্যাড্রেসসহ আনুষঙ্গিক অ্যাড্রেস এন্ট্রি দেয়া হচ্ছে



ডিএনএস সার্ভারের বিভিন্ন প্যারামিটার সেট করা হয়েছে



টিসিপি/আইপি৬-এর ক্ষেত্রে টিসিপি/আইপি৪-এর মতো সেটিংগুলো সম্পন্ন করতে পারেন

করুন। এ ছাড়া আপনাকে Register this connection's addresses in DNS-এর বাম পাশে চেক বক্সে টিক দিয়ে তা সিলেক্ট করে দিতে হবে।

০৮. এবার WINS ট্যাবে ক্লিক করুন। এখানে কোনো অ্যাড্রেস আগে থেকেই থাকলে তা অপসারণ করুন। এরপর NetBIOS setting ডিফল্ট রেডিও বাটনে ক্লিক করে এটি সিলেক্ট করুন এবং সবশেষে Ok বাটনে ক্লিক করে উইন্ডো থেকে বের হয়ে আসুন।

০৯. এবার নেটওয়ার্ক কানেকশন প্রোপার্টিজ উইন্ডোতে ফিরে আসতে হবে এবং এখানে Internet Protocol Version 6 (TCP/IPv6) কানেকশন আইটেম সিলেক্ট করতে হবে। এবার ওই উইন্ডোতে Properties বাটনে ক্লিক করতে হবে।

১০. এখানে আইপি অ্যাড্রেস ভার্সন ৪ (TCP/IPv4)-এর বেলায় যে ধাপগুলো অনুসরণ করা হয়েছিল, সেগুলো অনুসরণ করুন। ধাপগুলো নিচের চিত্রে দেখানো হয়েছে।

১১. ডিএনএস সাফিক্সসহ অন্যান্য প্যারামিটার কনফিগারেশন সম্পন্ন হলে Ok বাটনে ক্লিক করে উইন্ডো থেকে বের হয়ে আসুন।

উইন্ডোজ ১০-এ নেটওয়ার্ক সেটিংয়ের মৌলিক বিষয়গুলো এখানে দেখানো হয়েছে। একটি দক্ষ নেটওয়ার্ক তৈরির জন্য আরও বেশ কিছু বিষয় কনফিগার করার প্রয়োজন হয়।

নেটওয়ার্ক পলিসি বা সিকিউরিটি সিস্টেমের কথা এ প্রসঙ্গে উদাহরণ হিসেবে বলা যায়। এসব বিষয়ে পরে আলোচনা করা হবে

ফিডব্যাক : kazisham@yahoo.com